# আজকের পত্রিকা

আর্কাইভ GO



সম্পাদকীয় ও মন্তব্য

# যত্রতত্র শিক্ষা প্রতিষ্ঠান

সাম্প্রতিক প্রসঙ্গ

**প্রকাশ:** ১০ ঘণ্টা আগে | Like 2 Share 2

---

**ড. শেখ আবদুস সালাম**

---

গত রমজান মাসের মাঝামাঝি ১০ জুন থেকে দেশের ৫ হাজার ২৪২টি নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের কয়েক হাজার শিক্ষক স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার দাবিতে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনার কিংবা জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান গ্রহণ করে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। রোজার সময় অনেকে রোজা রেখে এ কর্মসূচিতে অংশ নিয়েছেন। ঈদের দিনও তারা তাদের রাস্তার অবস্থান অব্যাহত রেখেছেন ঈদের আনন্দ থেকে নিজেকে ও পরিবারের সদস্যদের বঞ্চিত করে। ১০ জুন থেকে এ পর্যন্ত তাদের দাবি-দাওয়ার প্রতি সরকারের পক্ষ থেকে তেমন সুনির্দিষ্ট আশ্বাস না পাওয়ায় তারা ২৫ জুন থেকে আমরণ অনশন কর্মসূচির পথ বেছে নিয়েছেন। গত দুই-তিন সপ্তাহের গরম ও বৃষ্টি উপেক্ষা করে রাস্তায় থাকা এসব শিক্ষকের প্রতি সরকার, নাগরিক সমাজ, এমনকি শিক্ষক সমাজেরও সহানুভূতির অভাব দেখা যাচ্ছে। বিষয়টি দেশের সামগ্রিক শিক্ষার জন্য কোনোরূপ স্বস্তিদায়ক নয়। কেন এমনটি হচ্ছে?

বাংলাদেশে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে মূলত বিক্ষিপ্তভাবে- বেসরকারি উদ্যোগ ও ব্যবস্থাপনায়। স্বাধীনতার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানই ব্যাপক আকারে শিক্ষকদের রুটি-রুজির নিশ্চয়তাদানের ব্যবস্থা করতে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করেন। এর পর বিভিন্ন সরকারের সময় শিক্ষকদের জন্য আংশিকভাবে কিছু বেতন-ভাতা প্রদানের ব্যবস্থা করা হয় তাদের চাকরি-পদ এমপিওভুক্তির মধ্য দিয়ে। এএসএইচকে সাদেক যখন শিক্ষামন্ত্রী, তখন একদিনে প্রায় ৭৭৩টি স্কুল-কলেজ-মাদ্রাসা এমপিওভুক্তির ব্যবস্থা করা হয় ১৯৯৮ সালে। সেটা ছিল শেখ হাসিনার প্রথম সরকারের আমল। এর ফলে শিক্ষকরা যখন সরকারের কাছ থেকে বেতন-ভাতা পেতে শুরু করেন এবং সরকার যখন শিক্ষার হার বাড়াতে ব্যাপক উদ্যোগ গ্রহণ করে, তখন থেকেই সারাদেশের আনাচে-কানাচে শিক্ষা প্রতিষ্ঠান গজিয়ে উঠতে শুরু করে। প্রয়োজন-অপ্রয়োজনে দেশের বিভিন্ন এলাকায় গড়ে ওঠে বিভিন্ন ধরনের শত শত শিক্ষা প্রতিষ্ঠান।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যক্তিগতভাবে শিক্ষকদের প্রতি খুবই আন্তরিক ও সমব্যথী- এ কথা সর্বজনবিদিত। ২০১০ সাল নাগাদ দেশে যখন বিপুল সংখ্যক, বিশেষ করে প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল-মাদ্রাসা নির্বিশেষে) গড়ে ওঠে এবং সেসব প্রতিষ্ঠানে লক্ষাধিক শিক্ষক বিনা বেতন পাঠদানে নিয়োজিত থাকেন, তাদের কথা মাথায় রেখে বর্তমান প্রধানমন্ত্রী আবারও ব্যাপকভাবে ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের (প্রায় এক হাজার ৬২৪টি) এমপিওভুক্তি নিশ্চিত করেন এবং প্রায় সোয়া লাখ শিক্ষকের বেতন-ভাতা সরকারি কোষাগার থেকে প্রদানের ব্যবস্থা করেন। সে সময় সরকার ঘোষণা দেয়- এর পর আর যত্রতত্র শিক্ষা প্রতিষ্ঠান গড়ে ওঠার সুযোগ দেওয়া হবে না।

আমার জানা নেই, সরকার কীভাবে তার সেই ঘোষণার বাস্তবায়ন করছে। জনসংখ্যা, দূরত্ব, প্রয়োজন- এসব বিবেচনা করে সরকার কোনো শিক্ষা প্রতিষ্ঠান ম্যাপিংয়ের কাজ সম্পন্ন করেছে কি-না, সে সম্পর্কেও আমার ধারণা নেই। এটা করে থাকিলে

কীভাবে দেশের বিভিন্ন স্থানে প্রয়োজনে-অপ্রয়োজনে কখনও কখনও ব্যক্তির ইচ্ছা-অনিচ্ছায় এসব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠছে, তা একটি বড় প্রশ্ন। আর কেনই-বা এ ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের দিনের পর দিন রাস্তায় অবস্থান করতে হচ্ছে- সেটিও ভাবনার বিষয়।

সম্প্রতি (ঈদের পরদিন) আমি বাগেরহাট জেলার রামপালে গ্রামের বাড়ি গিয়েছিলাম। জানতে পারি, সেখানে ইসলামিক ফাউন্ডেশন থেকে নতুন করে একটি এবতেদায়ি পর্যায়ের মাদ্রাসা প্রতিষ্ঠার অনুমতি দেওয়া হয়েছে। খোঁজ নিয়ে জানলাম, এই মাদ্রাসাটি স্থাপনের প্রাথমিক অনুমতি দেওয়া হয়েছিল রামপাল উপজেলার মল্লিকেরবেড় ইউনিয়নে। এই ইউনিয়নে খুলনার বর্তমান মেয়র তালুকদার আবদুল খালেকের বাড়ি। তার ইউনিয়ন থেকে সেটি কেটে এনে পার্শ্ববর্তী বাইনতলা ইউনিয়নের কুমলাই গ্রামে মাদ্রাসাটি প্রতিষ্ঠার উদ্যোক্তা একজন অবসরপ্রাপ্ত অতিরিক্ত জেলা জজ। তার সঙ্গে ইসলামিক ফাউন্ডেশনের বর্তমান মহাপরিচালকের সুসম্পর্কের কথা শোনা যায়। এ মাদ্রাসাটি প্রতিষ্ঠা করতে চাওয়া হচ্ছে গ্রামের একটি পাবলিক গোরস্তানের জমিতে। অথচ জান্নাতুল বাকী সাধারণ কবরস্থান নামে প্রতিষ্ঠিত এ অঞ্চলের একমাত্র পাবলিক কবরস্থানে একখণ্ড জমি স্থানীয় এক ব্যক্তির কাছে বিক্রির ওয়াদা করে তার কাছ থেকে দেড় লাখ টাকা নেওয়া হয়েছিল। সেই ব্যক্তি জনসমক্ষে এই জমি কবরখানায় দান করতে ঘোষণাও দিয়েছেন। জমির ক্রেতা ও বিক্রির ওয়াদাকারী দু'জনই পাবলিক কবরখানার উন্নয়ন কাজ শুরু করার কথা জানালে খুলনার বর্তমান মেয়র এবং রামপাল-মোংলার তৎকালীন এমপি তালুকদার আবদুল খালেক দু'বছর আগে কবরখানার উন্নয়ন কাজ উদ্বোধন করেন। অতঃপর স্থানীয় সরকার, বাগেরহাট জেলা পরিষদ, রামপাল উপজেলা পরিষদের অর্থায়নসহ স্থানীয় জনসাধারণের টাকায় কবরখানাটির (৮০-৮৫ শতক জমির ওপর নির্মিত) মাটি ভরাট, তোরণ নির্মাণ, পরিখা খননসহ আংশিক সীমানা প্রাচীরের কাজ সমাপ্ত হয় এবং সেখানে লাশ দাফন প্রক্রিয়া চলমান। এই পর্যায়ে হঠাৎ বিক্রেতা বলেন, ওই কবরখানার মধ্যে অবস্থিত জমিখণ্ড (যার টাকা তিনি ইতিমধ্যে নিয়েছেন এবং তা এখন কবরখানার সীমানার মধ্যে সরকারি টাকায় ভরাটকৃত) দলিল করে দেবেন না। এখানে ইসলামিক ফাউন্ডেশনের বরাদ্দকৃত ওই মাদ্রাসাটি প্রতিষ্ঠা করা হবে। এলাকায় জনশ্রুতি রয়েছে- ইতিমধ্যে ওই মাদ্রাসার জন্য ৩-৪ জন শিক্ষকও নির্বাচিত করা হয়েছে এবং সে জন্য অর্থ লেনদেন হয়েছে।

বাড়িতে থাকাকালে খবর নিয়ে জেনেছি, ওই গ্রামে এখনই- ১. কুমলাই সরকারি প্রাথমিক বিদ্যালয়[ ২. পূর্ব কুমলাই শহীদ মুক্তিযোদ্ধা সরদার ইব্রাহীম সরকারি প্রাথমিক বিদ্যালয়; ৩. হাজি তছির উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয়; ৪. আমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, পবনতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ক. শরাফপুর মাদ্রাসা, খ. কুমলাই সালেহিয়া মাদ্রাসা, গ. রাশিদিয়া-তছিরিয়া মাদ্রাসা, ঘ. কুমলাই গাববুনিয়া মাদ্রাসা প্রভৃতি প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে সালেহিয়া মাদ্রাসার কোনো কোনো ক্লাসে শিক্ষার্থী ৩-৪ জন, গাববুনিয়া মাদ্রাসা প্রায় ছাত্রশূন্য এবং অন্য দুটি মাদ্রাসার শিক্ষার্থী সংখ্যাও খুব কম। শুধু শরাফপুর মাদ্রাসায় কিছু শিক্ষার্থী রয়েছে।

এছাড়াও এই গ্রামে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পরিচালিত কয়েকটি মসজিদভিত্তিক এবং পাড়াভিত্তিক শিক্ষালয়ও রয়েছে। একই গ্রামে একটি হাই স্কুল, একটি নিম্ন মাধ্যমিক স্কুল এবং একটি গার্লস হাই স্কুলও রয়েছে। দু'একটি প্রতিষ্ঠান বাদে সব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী সংকট প্রবল। বাইনতলা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাকে জানিয়েছেন, তিনি এই গ্রামে অবস্থিত একটি মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি। তার মাদ্রাসার দুটি ক্লাসে শিক্ষার্থী মাত্র চারজন। দুটি শ্রেণিকক্ষের মধ্যে একটি পর্দা টেনে তাদের পাঠদান করা হয়। সব জেনেশুনে মনে হয়, এই এলাকাটি এমনিতেই শিক্ষা প্রতিষ্ঠানের আধিক্যে ভারাক্রান্ত। এখানে শিক্ষা প্রতিষ্ঠান মানে শুধু যেন সরকারি কোষাগার থেকে শিক্ষক-

কর্মচারীদের বেতন-ভাতা প্রদান করা।

একদিকে সরকার যেখানে ইতিমধ্যে সারাদেশে বিদ্যমান ৫ হাজার ২৪২টি প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তি করতে না পারায় শিক্ষকরা রাস্তায় রাতযাপন করছেন, সেখানে কোনো শিক্ষা প্রতিষ্ঠান ম্যাপিং ছাড়া কীভাবে শিক্ষা বিভাগ আরও শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার অনুমতি দেয় কিংবা সরেজমিন বাস্তবতা যাচাই না করে ইসলামিক ফাউন্ডেশন আরেকটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার উদ্যোগ কেন নেয়, তা বোধগম্য নয়। যত্রতত্র শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার এ ধরনের নৈরাজ্য থেকে বেরিয়ে আসা খুবই জরুরি। এমন নৈরাজ্য চলতে থাকলে ক্ষতিগ্রস্ত হবে শুধু শিক্ষারই।


skasalam@gmail.com

অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়

(http://samakal.com/print/18064525/print) Save to Facebook

পরবর্তী খবর পড়ুন : 'শ্রেষ্ঠ রাষ্ট্রদ্রোহী' জাহানারা ইমাম (http://samakal.com/todays-print-edition/tp-editorial-comments/article/18064526/শ্রেষ্ঠ-রাষ্ট্রদ্রোহী-জাহানারা-ইমাম-)

0 Comments Sort by Newest



Add a comment...

অন্যান্য

রাজনীতি ও সংস্কৃতির বিভাজন সর্বনাশ ডেকে আনছে (http://samakal.com/todays-print-edition/tp-editorial-comments/article/18064527/রাজনীতি-ও-সংস্কৃতির-বিভাজন-সর্বনাশ-ডেকে-আনছে)

'শ্রেষ্ঠ রাষ্ট্রদ্রোহী' জাহানারা ইমাম (http://samakal.com/todays-print-edition/tp-editorial-comments/article/18064526/শ্রেষ্ঠ-রাষ্ট্রদ্রোহী-জাহানারা-ইমাম-)

চিঠিপত্র (http://samakal.com/todays-print-edition/tp-editorial-comments/article/18064524/চিঠিপত্র)

আমাদের গণতন্ত্র ও একটি সমীক্ষা চিত্র (http://samakal.com/todays-print-edition/tp-editorial-comments/article/18064434/আমাদের-গণতন্ত্র-ও-একটি-সমীক্ষা-চিত্র)

---

শিক্ষা ক্যাডারের মর্যাদা সমুন্নত রাখুন (http://samakal.com/todays-print-edition/tp-editorial-comments/article/18064432/শিক্ষা-ক্যাডারের-মর্যাদা-সমুন্নত-রাখুন-)

| সর্বশেষ | সর্বাধিক পঠিত | সম্পাদকের বাছাই |
| --- | --- | --- |

গাজীপুরে চলছে ভোট (http://samakal.com/whole-country/article/18061490/গাজীপুরে-চলছে-ভোট)

উৎসবের সঙ্গে আছে উদ্বেগ-উৎকণ্ঠাও (http://samakal.com/city-election/article/18061489/উৎসবের-সঙ্গে-আছে-উদ্বেগউৎকণ্ঠাও)

মেসিদের অগ্নিপরীক্ষা (http://samakal.com/sports/article/18061488/মেসিদের-অগ্নিপরীক্ষা)

সুষ্ঠু নির্বাচনে ইসিকে বার্তা প্রধানমন্ত্রীর (http://samakal.com/bangladesh/article/18061487/সুষ্ঠু-নির্বাচনে-ইসিকে-বার্তা-প্রধানমন্ত্রীর)

মাদকের তালিকায় আসছে সিসাও (http://samakal.com/bangladesh/article/18061486/মাদকের-তালিকায়-আসছে-সিসাও)

শেষ ষোলোয় স্পেন-রাশিয়া মুখোমুখি, উরুগুয়ের প্রতিপক্ষ পর্তুগাল (http://samakal.com/sports/article/18061485/শেষ-ষোলোয়-স্পেনরাশিয়া-মুখোমুখি--উরুগুয়ের-প্রতিপক্ষ-পর্তুগাল)

নেইমার আছেন নেইমারের মতোই (http://samakal.com/sports/article/18061484/নেইমার-আছেন-নেইমারের-মতোই)

পঞ্চগড় থেকেই ছিলেন জঙ্গিদের টার্গেট (http://samakal.com/bangladesh/article/18061483/পঞ্চগড়-থেকেই-ছিলেন-জঙ্গিদের-টার্গেট)

এবার রোনালদোর পেনাল্টি মিস (http://samakal.com/sports/article/18061482/এবার-রোনালদোর-পেনাল্টি-মিস)

শেষের নাটকে গ্রুপ সেরা স্পেন (http://samakal.com/sports/article/18061481/স্পেনকে-প্রথমার্ধে-আটকে-দিল-মরক্কো)

(http://samakal.com/sports/article/18061488/মেসিদের-অগ্নিপরীক্ষা)



## মেসিদের অগ্নিপরীক্ষা (http://samakal.com/sports/article/18061488/মেসিদের-অগ্নিপরীক্ষা)

আর্জেন্টিনা কি আজ অর্জন-বিসর্জনের মাঝখানে দাঁড়িয়ে আছে?চারপাশের হৈচৈ আর আশা-নিরাশার ...

(http://samakal.com/bangladesh/article/18061487/সুষ্ঠু-নির্বাচনে-ইসিকে-বার্তা-প্রধানমন্ত্রীর)



## সুষ্ঠু নির্বাচনে ইসিকে বার্তা প্রধানমন্ত্রীর (http://samakal.com/bangladesh/article/18061487/সুষ্ঠু-নির্বাচনে-ইসিকে-বার্তা-প্রধানমন্ত্রীর)

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম বলেছেন, গাজীপুর সিটি করপোরেশন ...

(http://samakal.com/bangladesh/article/18061486/মাদকের-তালিকায়-আসছে-সিসাও)



## মাদকের তালিকায় আসছে সিসাও (http://samakal.com/bangladesh/article/18061486/মাদকের-তালিকায়-আসছে-সিসাও)

মাদকের তালিকায় এবার যুক্ত হচ্ছে সিসা। নতুন আইনে সিসাকে মাদক ...

(http://samakal.com/sports/article/18061484/নেইমার-আছেন-নেইমারের-মতোই)



## নেইমার আছেন নেইমারের মতোই (http://samakal.com/sports/article/18061484/নেইমার-আছেন-নেইমারের-মতোই)

বিশ্বকাপের আগে নেইমারকে নিয়ে আলোচনা একেবারে কম হয়নি। সদ্য চোট ...


(http://samakal.com/sports/article/18061481/স্পেনকে-প্রথমার্ধে-আটকে-দিল-মরক্কো)

(http://samakal.com/sports/article/18061480/কারেসমার-গোলে-প্রথমার্ধে-এগিয়ে-পর্তুগাল)



## শেষের নাটকে গ্রুপ সেরা স্পেন (http://samakal.com/sports/article/18061481/স্পেনকে-প্রথমার্ধে-আটকে-দিল-মরক্কো)

ম্যাচটি হেরেই যাচ্ছিল স্পেন। কিন্তু ম্যাচের যোগ করা সময়ে ইয়াগো ...




## ইরানের বিপক্ষে সমতায় গ্রুপ রানার্স আপ পর্তুগাল (http://samakal.com/sports/article/18061480/কারেসমার-গোলে-প্রথমার্ধে-এগিয়ে-পর্তুগাল)

ইরানের বিপক্ষে সোমবার রাতে 'বি' গ্রুপের শেষ ম্যাচে ১-১ গোলের ...

(http://samakal.com/sports/article/18061478/নেইমার-ডাইভ-মারলেই-ব্রাজিলে-মদ-ফ্রি)




## নেইমার ডাইভ মারলেই ব্রাজিলে মদ ফ্রি! (http://samakal.com/sports/article/18061478/নেইমার-ডাইভ-মারলেই-ব্রাজিলে-মদ-ফ্রি)

কোস্টারিকার বিপক্ষে ম্যাচের পর নেইমারের ডাইভ বা ইচ্ছেকৃতভাবে পড়ে যাওয়া ...

(http://samakal.com/whole-country/article/18061467/সুষ্ঠু-ভোটে-জয়ের-আশা-জাহাঙ্গীরের-শেষ-পর্যন্ত-লড়বেন-হাসান)



## সুষ্ঠু ভোটে জয়ের আশা জাহাঙ্গীরের, শেষ পর্যন্ত লড়বেন হাসান (http://samakal.com/whole-country/article/18061467/সুষ্ঠু-ভোটে-জয়ের-আশা-জাহাঙ্গীরের-শেষ-পর্যন্ত-লড়বেন-হাসান)

রাত পোহালেই গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন। কে হবেন গাজীপুরের নতুন ...

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://plus.google.com/u/0/)
(https://www.youtube.com/channel/UCNPr40GFgWeRx4lPBYanaJQ)

বাংলাদেশ (http://samakal.com/bangladesh) রাজনীতি (http://samakal.com/politics)
অর্থনীতি (http://samakal.com/economics)
বিশ্বকাপ ফুটবল ২০১৮ (http://samakal.com/football-world-cup-2018)
রাজধানী (http://samakal.com/capital) আন্তর্জাতিক (http://samakal.com/international)
বিশ্লেষণ (http://samakal.com/analysis) ভ্যালেনটাইন্স (http://samakal.com/valentines)
খেলা (http://samakal.com/sports) বিনোদন (http://samakal.com/entertainment)
জীবনশৈলী (http://samakal.com/lifestyle)
সাহিত্য ও সংস্কৃতি (http://samakal.com/sahitto-o-sangskriti)
প্রযুক্তি (http://samakal.com/technology) সারাদেশ (http://samakal.com/whole-country)
সাক্ষাৎকার (http://samakal.com/interview) চতুরঙ্গ (http://samakal.com/chaturango)

© সমকাল ২০০৫ - ২০১৮

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ. কে. আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : +৮৮০১৮১৫৫৫২৯৯৭। ইমেইল: ad.samakalonline@outlook.com